# নারী-শিশু নির্যাতনে কঠোর শাস্তি নিশ্চিত করা হচ্ছে: মির্জা ফখরুল



বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম। ছবি: সংগৃহীত

নারী ও শিশুদের নিরাপত্তা নিশ্চিত করা সরকারের অন্যতম অগ্রাধিকার বলে জানিয়েছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী এবং বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেন, নারী ও শিশু নির্যাতনের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে হবে। অপরাধের ধরন অনুযায়ী সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ডের বিধানও কার্যকর করা হচ্ছে।

সোমবার (২৭ জুলাই) সন্ধ্যায় ঠাকুরগাঁও ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালের ব্যবস্থাপনা কমিটির সভা শেষে সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় তিনি এসব কথা বলেন।

মির্জা ফখরুল বলেন, দেশের উন্নয়ন ও সুশাসন নিশ্চিত করতে শুধু সরকারের উদ্যোগ যথেষ্ট নয়। সুন্দর ও শৃঙ্খলাবদ্ধ সমাজ গড়তে সবাইকে নিজের জায়গা থেকে দায়িত্বশীল হতে হবে। পরিবর্তন শুরু করতে হবে নিজেদের আচরণ থেকেই।

LENS ASIA

নারী ও শিশুদের সুরক্ষায় আইন ও প্রশাসনিক ব্যবস্থা আরও জোরদার করার কথা জানিয়ে তিনি বলেন, ভুক্তভোগীরা যেন দ্রুত বিচার পান এবং অপরাধীরা কঠোর শাস্তির মুখোমুখি হয়, সে বিষয়টি নিশ্চিত করতে হবে।

মাদককে সমাজের বড় সমস্যা উল্লেখ করে বিএনপির মহাসচিব বলেন, মাদক নির্মূলে পরিবার, সমাজ ও প্রশাসনকে একসঙ্গে কাজ করতে হবে। সচেতনতা বাড়ানোর পাশাপাশি আইনের যথাযথ প্রয়োগের মাধ্যমেই মাদকমুক্ত সমাজ গড়ে তোলা সম্ভব।

হাসপাতালের উন্নয়ন নিয়ে মির্জা ফখরুল বলেন, ঠাকুরগাঁওয়ের ২৫০ শয্যার জেনারেল হাসপাতালটি ইতোমধ্যে ৬০০ শয্যায় উন্নীত হয়েছে। জনবল সংকট দূর করা, প্রয়োজনীয় চিকিৎসা সরঞ্জাম সরবরাহ এবং আধুনিক যন্ত্রপাতি যুক্ত করার কাজ চলছে। হাসপাতালটিকে আরও আধুনিক ও উন্নত স্বাস্থ্যসেবা কেন্দ্র হিসেবে গড়ে তোলাই সরকারের লক্ষ্য।